



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে মে ২০০১/১০ই জ্যৈষ্ঠ ১৪০৮

এস, আর, ও নং ১৩১-আইন/২০০১—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই প্রবিধানমালা আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “আইন” অর্থ আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন);
- (খ) “আবেদনকারী” অর্থ সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে যে ব্যক্তি সংস্থা বা ক্ষেত্রমত, জেলা কমিটি বরাবরে আবেদন করিয়াছেন;
- (গ) “নির্ধারিত” অর্থ সংস্থা বা জেলা কমিটি কর্তৃক নির্ধারিত;
- (ঘ) “সহায়তা” অর্থ আইনগত সহায়তা।

৩। আইনগত সহায়তার জন্য আবেদন, ইত্যাদি।—(১) সহায়তা পাওয়ার উদ্দেশ্যে কোন ব্যক্তি তাহার নাম, পূর্ণ ঠিকানা এবং সহায়তা চাওয়ার কারণ উল্লেখ করিয়া একটি সাদা কাগজে আবেদন করিবেন।

(২) যে বিষয়ে সহায়তা চাওয়া হইতেছে উহা সুপ্রীমকোর্টের কোন বিভাগে বিচারের বিষয় হইলে সংস্থার চেয়ারম্যান এবং অন্যান্য আদালতের বিচারের বিষয় হইলে জেলা কমিটির চেয়ারম্যান এর নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (১) অনুসারে কোন আবেদন দাখিল করা হইলে সংস্থা বা, ক্ষেত্রমত, জেলা কমিটি উহাতে একটি নম্বর প্রদান করিয়া নির্ধারিত রেজিস্ট্রারে আবেদনপত্রের বিবরণ লিপিবদ্ধ করিবে, আবেদনকারীকে একটি প্রাপ্তি রশিদ প্রদান করিবে এবং আবেদনপত্রটির উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য সংস্থা বা জেলা কমিটির অব্যবহির পরবর্তী সভায় উপস্থাপনের ব্যবস্থা করিবে।

(৪) আবেদনে উল্লিখিত তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব না হইলে সংস্থা বা জেলা কমিটি প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অতিরিক্ত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের জন্য আবেদনকারীকে পরামর্শ দিতে পারিবে।

(৫) সংস্থা বা জেলা কমিটির সভায় উপস্থাপিত কোন আবেদন বিবেচিত হইয়া সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে তৎক্ষণাৎ সংস্থা বা জেলা কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আবেদনকারীকে অবহিত করা হইবে।

৪। তালিকাভুক্ত আইনজীবীগণের মধ্য হইতে আইনজীবী মনোনয়ন।—উপ-প্রবিধান ৩(৫) এর অধীন সিদ্ধান্ত গৃহীত হইলে সংশ্লিষ্ট মামলা পরিচালনার জন্য সংস্থা বা, ক্ষেত্রমত, জেলা কমিটি আইনের অধীন তালিকাভুক্ত আইনজীবীগণের মধ্য হইতে অনান ৩ (তিন) জন আইনজীবীকে মনোনীত করিবে, যাহাদের মধ্য হইতে আবেদনকারীর সম্মতি সাপেক্ষে একজন আইনজীবীকে মামলা পরিচালনার জন্য নিযুক্ত করা হইবে।

৫। আইনজীবী কর্তৃক অনুসরণীয় বিষয়াবলী।—(১) আইনজীবী মামলা পরিচালনার জন্য আবেদনকারীর নিকট হইতে কোন ফি বা খরচাদি দাবী করিবেন না।

(২) প্রবিধান ৪ এর অধীন নিযুক্ত আইনজীবী সংশ্লিষ্ট মামলার একটি প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর সংস্থা বা জেলা কমিটি বরাবরে প্রেরণ করিবে।

৬। আইনজীবীগণের প্রাপ্য ফি এর হার, ইত্যাদি।—(১) মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবীগণ নিম্নবর্ণিত হারে ফি প্রাপ্য হইবেন, যথাঃ—

(ক) সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য আদালতে দেওয়ানী ও পারিবারিক মামলায়—

(১) আরজি ও আপীল স্মারক প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১,০০০.০০ টাকা;

(২) লিখিত জবাব প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১,০০০.০০ টাকা;

(৩) ছানী মামলার দরখাস্ত বা আপত্তি প্রস্তুতের জন্য সর্বোচ্চ ৬০০.০০ টাকা;

(৪) অন্তর্বর্তীকালীন (Interlocutory) দরখাস্ত বা এতদসংক্রান্ত আপত্তি প্রস্তুতের জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;

- (৫) সাধারণ দরখাস্ত (সময়ের দরখাস্ত ব্যতীত) প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১০০.০০ টাকা;
- (৬) সাক্ষা গ্রহণের (চূড়ান্ত শুনানী) ক্ষেত্রে, —
- (অ) পারিবারিক মামলার জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;
- (আ) দেওয়ানী মামলার জন্য সর্বোচ্চ ৮০০.০০ টাকা;
- (৭) যুক্তিতর্ক বা আপীল মামলা শুনানীর জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;
- (৮) সময়ের দরখাস্ত ব্যতিরেকে বিভিন্ন জরুরী দরখাস্ত শুনানীর জন্য সর্বোচ্চ ২০০.০০ টাকা।
- (খ) সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য আদালতে ফৌজদারী মামলা পরিচালনার ক্ষেত্রে, আইনজীবীগণ সহকারী পাবলিক প্রসিকিউটরদের জন্য প্রযোজ্য হারে ফি প্রাপ্য হইবেন;
- (গ) সুপ্রীমকোর্টে মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবীগণ সর্বোচ্চ ২,০০০.০০ টাকা ফি প্রাপ্য হইবেন।
- (২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ফি এর বিল সংশ্লিষ্ট আদালত কর্তৃক প্রত্যায়িত (Verified) হইতে হইবে।

৭। জেলা কমিটির ব্যয় নির্বাহ।—সহায়তা প্রদানের নিমিত্ত আইনজীবী ফি ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়, আইনের বিধান সাপেক্ষে, সংস্থা বা জেলা কমিটির তহবিল হইতে নির্বাহ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, অন্যান্য ব্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থ বৎসরে বোর্ড কর্তৃক বরাদ্দকৃত অর্থের শতকরা ১০ (দশ) ভাগের অতিরিক্ত অর্থ জেলা কমিটি ব্যয় করিতে পারিবে না।

সংস্থার আদেশক্রমে,

নাসরিন বেগম
পরিচালক।